



## সোনালী ব্যাংক লিমিটেড

এজেন্ট ব্যাংকিং বাস্তবায়ন প্রকল্প

প্রধান কার্যালয়, ঢাকা



### এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য এজেন্ট নিয়োগ বিজ্ঞপ্তি

রাষ্ট্রীয় বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিমিটেড জনগণের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌছে দিতে বন্ধপরিকর। ব্যাংকিং সেবাবিহীন জনগোষ্ঠীর হাতের কাছে সেবা প্রদানের জন্য সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক বাংলাদেশ ব্যাংক প্রগতি এজেন্ট ব্যাংকিং গাইডলাইন অনুসারে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম চালু করা হবে। এ লক্ষ্যে ব্যাংক কর্তৃক নির্ধারিত লোকেশনে 'সোনালী এজেন্ট ব্যাংকিং' এর 'ইউনিট এজেন্ট' নিয়োগের জন্য স্থানীয় ব্যবসায়ী ও ব্যক্তি উদ্যোক্তাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ : ১৫/১২/২০২১।

#### এজেন্ট হওয়ার জন্য আবেদনকারীর যোগ্যতা :

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে আবেদনকারীর বয়সসীমা : ১৮ থেকে ৬৫ বছর।
৩. শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম এইচএসসি বা সমমান পরীক্ষায় পাস।
৪. আউটলেট লোকেশন সংশ্লিষ্ট এলাকায় ব্যবসা পরিচালনার জন্য হালনাগাদ/নবায়নকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে।
৫. প্রাথমিক পর্যায়ে ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা বিনিয়োগের সামর্থ্য থাকতে হবে।
৬. চূড়ান্ত নিয়োগপ্রাপ্ত এজেন্টকে আউটলেট তত্ত্বাবধানকারী শাখায় ন্যূনতম ২ (দুই) লক্ষ টাকা জামানত হিসেবে জমা রাখতে হবে।
৭. প্রযুক্তি নির্ভর আর্থিক ব্যবসা কার্যক্রম পরিচালনায় সামর্থ্য থাকতে হবে।
৮. সোনালী ব্যাংক লিমিটেড অথবা যে কোনো রাষ্ট্রীয় বাণিজ্যিক ব্যাংক থেকে কমপক্ষে ০১ (এক) বছর পূর্বে সন্তোষজনকভাবে অবসরপ্রাপ্ত সাবেক কর্মকর্তাদেরকে অঘাতিকার প্রদান করা হবে। এ ক্ষেত্রে, আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে পিআরএল ০১ (এক) বছর পূর্ণ হতে হবে।

#### এজেন্ট হওয়ার অযোগ্যতা :

১. ফৌজদারী অপরাধের অভিযোগে মামলায় তদন্তাধীন ব্যক্তি বা প্রতিষ্ঠান;
২. মানি লঙ্ঘারিং ও সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়নের দায়ে অভিযুক্ত বা তদন্তাধীন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;
৩. আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত কোন ব্যক্তি, সাজা সমাপ্তির পর থেকে ০৩ (তিনি) বছর পর্যন্ত;
৪. যে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপি;
৫. আদালত কর্তৃক দেউলিয়া মোষিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;
৬. ব্যাংক কোম্পানি আইন ১৯৯১-এর ২৬ (গ) ধারা অনুযায়ী ব্যাংক সংশ্লিষ্ট কোন ব্যক্তি;
৭. ০১ (এক) বছরের কম সময়ের মধ্যে অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা;
৮. অন্য ব্যাংকের বিদ্যমান এজেন্ট এবং সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে নিয়মিত বেতনভোগী চাকুরীজীবি।

#### নিম্নলিখিত কারণে দাখিলকৃত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে :

১. এই বিজ্ঞপ্তিই উল্লেখিত আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখের পরে আবেদনপত্র দাখিল করা হলে;
২. আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর না থাকলে বা আবেদনপত্রের আবশ্যিক অংশসমূহ প্রৱণ না করা হলে;
৩. আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখের পরে ইস্যুকৃত কোনো কাগজপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করা হলে;
৪. আবেদনপত্রের সাথে এক বা একাধিক আবশ্যিক কাগজপত্র সংযুক্ত করা না হলে;
৫. আবেদনপত্র দাখিলের সময় সিআইবি ইনকোয়ারি ফি জমা প্রদান না করা হলে;
৬. দাখিলকৃত ট্রেড লাইসেন্স হালনাগাদ/নবায়নকৃত না থাকলে।

#### আবেদন ফরম সংগ্রহ ও আবেদনপত্র জমা :

১. ব্যাংকের ওয়েবসাইট [www.sonalibank.com.bd](http://www.sonalibank.com.bd) এর Agent Banking পেইজ থেকে বিনামূল্যে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের সাথে ব্যাংক-নির্ধারিত 'আউটলেট লোকেশন তালিকা' এবং এজেন্ট হওয়ার নিয়মাবলীসহ বিস্তারিত তথ্যাদি প্রাওয়া যাবে।
২. ব্যাংকের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে আপারগ হলে এজেন্ট হওয়ার আবেদন ফরম, নিয়মাবলী এবং 'আউটলেট লোকেশন তালিকা' ১১৫/- টাকা পরিশোধপূর্বক ব্যাংকের নিকটবর্তী শাখা থেকে সংগ্রহ করা যাবে।
৩. প্রৱণকৃত আবেদনপত্র সংযুক্ত কাগজপত্রাদিসহ বুক বাইনিং করে সংশ্লিষ্ট তত্ত্বাবধানকারী শাখায় ১৫/১২/২০২১ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
৪. আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীর অনুকূলে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন প্রাপ্তির পর এই ব্যাংক কর্তৃক তাকে এজেন্ট নিয়োগপ্রৰ্বক 'সোনালী এজেন্ট ব্যাংকিং' কার্যক্রম পরিচালনার অনুমতি দেয়া হবে।
৫. কোনো প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোনো আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সোনালী ব্যাংক লিমিটেড সংরক্ষণ করে।

*[Signature]*

জেনারেল ম্যানেজার ও প্রজেক্ট ডিরেক্টর,

এজেন্ট ব্যাংকিং বাস্তবায়ন প্রকল্প

সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা

ফোন : ০২-৪৭১১৯৮৬৮, ৪৭১১৯৮৮০